



সোনালী ব্যাংক পিএলসি
বিশিষ্ট ও মাট

(অর্থ ঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক) বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ আনহারী গার্মেন্টস প্রোঃ মোঃ আবু আইয়ুব আনহারী, পিতাঃ মোঃ আব্দুল হামিদ হোসাইনী, ব্যবসায়িক ঠিকানাঃ সাহাপাড়া রোড, ডোমার বাজার, ডোমার, নীলফামারী। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ চিকন মাটি, ডাকঘরঃ ডোমার, উপজেলাঃ ডোমার, জেলাঃ নীলফামারী।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উল্লিখিত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ০৩.০৮.২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের আদায়ী সুদসহ পাওনা = ৩৩,৪৬,৪৭৫/- (তেরিশ লক্ষ ছেচল্লিশ হাজার চার শত পচাত্তর টাকা) মাত্র এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোথেক/প্রেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩(সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে :

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

ক) নীলফামারী জেলাধীন, ডোমার উপজেলার, চিকনমাটি মৌজার অন্তর্গত জেএল নং- ২২, মালিকঃ মোঃ আবু আইয়ুব আনহারী, (ঋণ গ্রহীতা)

খতিয়ান নং				দাগ নং		জমির পরিমান (শতক)	জমির প্রকৃতি
সিএস	এসএ	বিএস	খারিজ	সাবেক	বিএস		
৫৫৬	৭৬৭	১৯১৫	৩৯৫৬	১৭৫২	২১৩৫	১২.০০	কৃষি
৫৩৮	৭৪২			১৬৯৫	২১৪৭	১১.০০	কৃষি
৪৬১	৬২২			১৭৫৩	২১৩৬	২১.০০	কৃষি
৮০	৯২	২১২৮		৪৫৭৫	৬০৩৭	৯.৪০	কৃষি
৮২	৯৪			৪৫২৯	৬০৩২	৯.০০	কৃষি
৮২	৯৪			৪৫৬৯	৬০৩৪	১২.০০	কৃষি
৮২, ৮৬	৯৪, ৯৫	২১২৮	৪০৭৮	৪৫২৯, ৪৫২৪	৬০৩২	২৮.০০	কৃষি
৮৬, ৪১, ৬৭, ৮২	৯৫, ২৫, ৭৯, ৯৪			৪৫২৪, ৪৫২৫, ৪৫২৬, ৪৫২৭, ৪৫২৮, ৪৫২৯	৬০৩৩	২৩.০০	কৃষি
৮২	৯৪			৪৫৬৯	৬০৩৪	১৩.২০	কৃষি
৮০	৯২			৪৫৭৫	৬০৩৭	৯.৪০	
সর্বমোট						১৪৮.০০	

১৪ দাগে মোট জমির পরিমাণ ১৪৮.০০ শতক

(সর্বমোট=১৪৮.০০ শতক জমি ও তদন্তিত যাবতীয় বর্তমান ও ভবিষ্যত নির্মাণ/স্থাপনা বন্ধক বটে)

শর্তাবলী

১. দরপত্র আগামী ২৬/০৯/২০২৬ ইং তারিখ অপরাহ্নে ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, ডোমার শাখা, নীলফামারী এবং নিয়ন্ত্রনকারী কার্যালয়, সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, নীলফামারী এর রক্ষিত দরপত্র বাঞ্জে জমা দিতে হইবে। এ দিনই অপরাহ্ন ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাজ্ঞ খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।
 ২. দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দাতার নাম, পিতা/স্বামী নাম, ঠিকানা, মোবাইল/টেলিফোন নম্বর এবং প্রস্তাবিত মোট মূল্য উল্লেখ করিতে হইবে।
 ৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ
- | আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---------------------------------------|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দর গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে |
৪. দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বের বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা(আহুত হইবার পর ৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্ত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে। দরপত্র দাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
 ৫. দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।
 ৬. দরপত্রদাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা করিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
 ৭. নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।
 ৮. ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামভব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত যাবতীয় সরকারী কর, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা ক্রেতাকে বহন করিতে হইবে।
 ৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।
 ১০. দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।
 ১১. নিলাম অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

সোনালী ব্যাংক পিএলসি এর পক্ষে

(মোঃ আনহারুল হক)

(ম্যানেজার, সিনিয়র প্রিন্সিপাল অফিসার)